তারিখ 24 JUN 2016
পৃষ্ঠা 28 কলাম 2

দৈনিক
ইত্তেফাক

# প্রধান শিক্ষক ছাড়াই চলছে ৫২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়

■ নাসিরনগর (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

নাসিরনগর উপজেলায় প্রধান শিক্ষক ছাড়াই চলছে ৫২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। উপজেলার ১৩টি ইউনিয়নে ৫২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন প্রধান শিক্ষক না থাকায় সহকারী শিক্ষক প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন। এ কারণে এসব শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক কার্যক্রম ও পাঠদান ব্যাহত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলার ১২০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে বড়নগর, ধানতলিয়া, ঘুংগিয়াখাই, ফেদিয়ার কান্দি, কচুয়া, ভলাকুট উত্তর, মহিষবেড়, কদমতলী, গোয়ালনগর, টেকানগর, আতুকুড়া, গুনিয়াউক, চান্দেরপাড়া, নরহা, আলিয়ারা, দৌলতপুর, ধরমণ্ডল পশ্চিম, ধরমন্ডল পূর্ব, ধরমন্ডল নতুন, লালুয়ারটুক, কুন্ডা নয়াপাড়া, রামপুর, তুল্লাপাড়া, ভাটপাড়া, দুর্গাপুর, ব্রাহ্মণশাসন, ভোলাউক, রোস্তমপুর, পতরই, নিশিন্তপুর, সাধন, নরহা, চিতনা পূর্ব, শ্যামপু, কুঠুই, গন্না, বাঘী দক্ষিণ, কান্দিপাড়া, ফান্দাউক ঋষিপাড়া, মাছমা, গংগানগর, চাতলপাড় ইছাপুর, বেলুয়া, ধরমন্ডল উত্তর তালুকদারপাড়া, কামারগাঁও, বাড়ৈইচিড়া, দক্ষিণদিয়া, গুনিয়াউক দক্ষিণ, পূর্বভাগ দক্ষিণ, নাছিরপুর পশ্চিম, ধনকুড়া, ফকিরদিয়া, দেওরত, বেনীপাড়া, জয়নগর, খাগালিয়া, আন্দ্রাবহ গুচ্ছগ্রাম, পূর্ববালি খোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, জেঠাগ্রাম বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও উড়িয়াইল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ পাঁচ থেকে সাত বছর ধরে শূন্য রয়েছে। এ ছাড়াও বিভিন্ন বিদ্যালয়ের ১২৬টি সহকারী শিক্ষক পদ শূন্য রয়েছে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা হেমায়েতুল ফারুক ভূইয়া জানান, এখানে আমার কিছু করার নেই। আমি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করেছি। এখন সরকার যা করার করবে।